MONTHLY

# DIFE BULLETIN

*"Decent workplace, way forward Bangladesh"*

**Department of Inspection for Factories and Establishments (DIFE), Ministry of Labour and Employment** **Year 01 • Issue 01 • August 2017**


## DEPARTMENT'S ACTIVITIES: (APRIL-JUNE) 2017

| Activities | Number |
|---|---|
| Inspected Factories & Establishments | 10503 |
| Complaint received | 449 |
| Disposal of complaint | 379 |
| Case for labour law violation | 372 |
| Case filed against child labour | 5 |
| Disposal of public hearing | 260 |
| Motivational meeting | 168 |
| New License issued | 2587 |
| License renewed | 6614 |
| Training at home and abroad | 15 |
| Participants in trainings | 430 |



## Remediation Coordination Cell (RCC)

Remediation Coordination Cell (RCC) has formally been launched on 14th May 2017 to expedite the remediation activities of Ready Made Garment Factories. Initially, it will work with 1,549 factories that have been primarily assessed under the national initiative. RCC is composed of the members from DIFE, FSCD, BUET, RAJUK, CDA. ILO is providing technical support here. Seven discussion meetings were held with 418 factory owners in Dhaka, Gazipur, Narayanganj and Chittaganj about progress of remediation work. Timeframe has been fixed for completing remediation activities.



## Labour Inspection Management Application (LIMA)

DIFE is going to introduce digital inspection system in order to ensure more accountability, transparency and mobility in inspection activities. Labour Inspection Management Application (LIMA) will play a key role in introducing digital inspection procedure and maintaining data more accurate and organized way. 140 Inspectors have already been trained in this regard with the technical assistance of ILO.



## Service Process Simplification Pilot project

Issuing and renewal of license of factories and establishments is one of the cardinal services which DIFE deal with. The project, with the assistance of a2i programme of prime minister's office, has been introduced to provide service to the doorsteps of the people, helping to reduce costing, timing and suffering also. A pilot project is going on at office of the Deputy Inspector General in Gazipur. To implement the project, 6 training activities, 1 orientation program and 10 motivational workshops were held in June, 2017. 360 factory owners and labour inspectors participated in those workshops and trainings.



Financial assistance for medical treatment and education was provided to workers and their family members from Bangladesh Labour Welfare Foundation. Prime Minister Sheikh Hasina handed over cheque to a worker. State Minister Md. Mujibul Haque, MP, was also present there.



Foundation training was arranged for newly recruited officers of DIFE in order to develop their capacity. A total number of 238 officers, in six batches, have got the training. Mr. Mikail Shipar, honorable ex-Secretary, handed over crest to a participant who secured 1st position in 6th Batch.

**Editor & Publisher:** Md. Shamsuzzaman Bhuiyan, IG, 23-24 Karwan Bazar, Dhaka-1215. **E-mail:** ig@dife.gov.bd; **Web:** www.dife.gov.bd

মাসিক
# ডাইফ বার্তা
*"শোভন কর্মপরিবেশ, এগিয়ে যাচ্ছে বাংলাদেশ"*

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১ম বর্ষ • সংখ্যা ০১ • আগস্ট ২০১৭

**অধিদপ্তরের কার্যক্রম:** (এপ্রিল-জুন) ২০১৭

| কার্যক্রম | সংখ্যা |
|---|---|
| পরিদর্শিত কারখানা ও প্রতিষ্ঠান | ১০৫০৩ |
| অভিযোগ গ্রহণ | ৪৪৯ |
| অভিযোগ নিষ্পত্তি | ৩৭৯ |
| শ্রম আইন লঙ্ঘনের দায়ে মামলা | ৩৭২ |
| শিশু শ্রমের বিরুদ্ধে মামলা | ৫ |
| গণশুনানি নিষ্পত্তি | ২৬০ |
| উদ্বুদ্ধকরণ সভা | ১৬৮ |
| নতুন লাইসেন্স | ২৫৮৭ |
| নবায়নকৃত লাইসেন্স | ৬৬১৪ |
| দেশি/বিদেশি প্রশিক্ষণ | ১৫ |
| প্রশিক্ষণে অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থী | ৪৩০ |



## সংস্কার সমন্বয় সেল (আরসিসি)

পোশাক কারখানাগুলোর সংস্কারকাজ পরিচালনা করতে গঠন করা হয়েছে সংস্কার সমন্বয় সেল (আরসিসি)। ১৪ মে ২০১৭ এই সেল উদ্বোধন করা হয়। প্রাথমিকভাবে ন্যাশনাল ইনিশিয়েটিভের অধিনে থাকা ১ হাজার ৫৪৯ টি কারখানা আরসিসির নেতৃত্বে সংস্কার করা হবে। এ উদ্যোগে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সাথে থাকবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বুয়েট, রাজউক, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) এবং বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর। এতে কারিগরি সহায়তা প্রদান করছে আইএলও। জুন ২০১৭ পর্যন্ত সাতটি উদ্বুদ্ধকরণ সভার মাধ্যমে ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ এবং চট্টগ্রাম জেলার মোট ৪১৮ টি কারখানা মালিক প্রতিনিধির সঙ্গে সংস্কারের অগ্রগতি বিষয়ে মতবিনিময় করা হয়। সভাগুলোতে সংস্কার কাজ সমাপ্ত করার জন্য সময়সীমা নির্ধারণ করে দেওয়া হয়।



## লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা)

অধিদপ্তরের কার্যক্রমকে যুগোপযোগী করা এবং পরিদর্শন কার্যক্রমে আরো স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নের জন্য ডিজিটাল পরিদর্শন প্রবর্তন একটি বড় উদ্যোগ। এজন্য লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপিকেশন (লিমা) নামে একটি মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে। অধিদপ্তরের কাজসমূহকে সহজীকরণ এবং তথ্য সঠিকভাবে সংরক্ষণ ও ব্যবহার করতে এই অ্যাপ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অ্যাপটিকে ব্যবহার উপযোগী করতে অধিদপ্তরের কর্মকর্তাদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এখন পর্যন্ত মোট ১৪০ জন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এতে সহায়তা প্রদান করছে।



## সেবা সহজীকরণ পাইলট প্রকল্প

অধিদপ্তরের প্রদত্ত সেবাগুলোর মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ একটি সেবা কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও নবায়ন। এ সেবা সাধারণের দোরগোড়ায় পৌঁছে দিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহযোগিতায় সেবাদান সহজীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর ফলে সেবা দাতা এবং গ্রহীতাদের সময় ও অর্থের অপচয় রোধ হওয়ার পাশাপাশি নাগরিক ভোগান্তি বন্ধ হবে। গাজীপুরে অবস্থিত অধিদপ্তরের উপমহাপরিদর্শকের কার্যালয়ে এর পাইলট প্রকল্প চলছে। এ প্রকল্প বাস্তবায়নে জুন ২০১৭ পর্যন্ত ৬ টি প্রশিক্ষণ সভা, ১ টি ওরিয়েন্টেশন এবং ১০ টি উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণ কর্মশালায় মোট ৩৬০ জন মালিক প্রতিনিধি এবং শ্রম পরিদর্শক অংশগ্রহণ করেন।



বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন থেকে শ্রমিক এবং তাদের পরিবারকে চিকিৎসা ও শিক্ষা সহায়তা দেওয়া হয়। একজন শ্রমিকের হাতে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের চেক হস্তান্তর করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বামে উপস্থিত আছেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব মুজিবুল হক, এমপি।



কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের দক্ষ করে গড়ে তুলতে বুনিয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়। জুন '১৭ পর্যন্ত ৬টি ব্যাচে মোট ২৩৮ জন কর্মকর্তাকে এ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ৬ষ্ঠ ব্যাচের প্রথম স্থান অধিকারীকে ক্রেস্ট প্রদান করছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রাক্তন সচিব জনাব মিকাইল শিপার।

**সম্পাদক ও প্রকাশক:** মোঃ সামছুজ্জামান ভূইয়া, মহাপরিদর্শক, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। **ইমেইল:** ig@dife.gov.bd; **Web:** www.dife.gov.bd